তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...
SEP. 15 2002

ঢা.বি শিক্ষক সমিতির সাধারণ সভা

# শহীদ মিনার ও ক্যাম্পাস অবরুদ্ধ প্রশ্নে তুমুল হট্টগোল

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** তুমুল হট্টগোলের মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সভা শেষ হয়েছে। সভায় কেন্দ্রীয় শহীদ মিনার ও ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস অবরুদ্ধ করে রাখার ঘটনায় নিন্দা প্রস্তাব আনা নিয়ে সরকারসমর্থিত সাদা ও আওয়ামীপন্থী নীল দলের শিক্ষকদের মধ্য ব্যাপক বাক-বিতণ্ডা হয়।

শনিবার বিকেল ৫টায় বিশ্ববিদ্যালয় শিক্ষক ক্লাবে সাধারণ সভা ডাকা হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আবুল খায়ের। সভা সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে ক্যাম্পাস থেকে অবিলম্বে সকল পুলিশ-বিডিআর প্রত্যাহারের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে পাস হয়। এর আগে পুলিশ কর্তৃক শহীদ মিনার ও ক্যাম্পাস অবরুদ্ধ করে রাখার ঘটনায় নিন্দা প্রস্তাব আনার কথা উপস্থাপন করা হয়। নীল দলের শিক্ষকরা এ বিষয়ে একযোগে রাজি হন; কিন্তু সাদা দলের শিক্ষকরা এ ব্যাপারে আপত্তি জানালে সভায় তুমুল হট্টগোল দেখা দেয়।